গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর

স্মারক নং- নিপ/বিবিধ/১১১০৭ তারিখঃ ২৪/০৯/৯৮ ইং

বরাবর,
জেলা রেজিস্ট্রার, চট্টগ্রাম।

বিষয়ঃ রেকর্ডপত্র জব্দকরণ প্রসঙ্গে।

সূত্রঃ তাহার স্মারক নং- ৪২৪২, তাং- ১৬/০৯/৯৮ ইং

সূত্রে উল্লেখিত স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে জানানো যাইতেছে যে, আদালতের নির্দেশে বা বিশেষ শনাক্তকরণের নিমিত্তে রেকর্ডপত্রাদী বাহক মারফত সংশ্লিষ্ট আদালতে বা কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর ফেরত নিয়া আসার বিধান রহিয়াছে। মামলা বা অন্য কোন প্রয়োজনে সংশ্লিষ্ট কর্মকর্তা রেজিস্ট্রি অফিসে গিয়া রেকর্ডপত্র পরীক্ষা করিতে পারেন অথবা প্রয়োজনে জব্দ করিয়া সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের হেফাজতে রাখিয়া আসিতে পারেন। কিন্তু কোন স্থায়ী রেকর্ডপত্র অন্য কোন অফিসে স্থানান্তর করা যাইবে না।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এই মর্মে অবহিত করার জন্য তাহাকে বলা হইল।

স্বাঃ
(মোঃ হাবিবুর রহমান)
মহাপরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ, ঢাকা।